

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৯০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০১. সালাতুদ্-দুহা (চাশতের সালাত) আদায় করা প্রসঙ্গে

باب صلَاةِ الضُّحَى

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، وَأَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْح، قَالَا حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، حَدَّثَنِي عِيَاضُ بْنُ عَبْدِ اللهِ، عَنْ مَخْرَمَةَ بْنِ سُلَيْمَانَ، عَنْ كُرَيْبٍ، مَوْلَى ابْنِ عَبَّاسٍ عَنْ أُمِّ هَانِئٍ بِنْتَ أَبِي طَالِب، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَوْمَ الْفَتْحِ صَلَّى سُبْحَةَ الضَّحَى بِنْتَ أَبِي طَالِب، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَوْمَ الْفَتْحِ صَلَّى سُبْحَةَ الضَّحَى ثَمَانِيَ رَكَعَاتٍ يُسَلِّمُ مِنْ كُلِّ رَكْعَتَيْنِ . قَالَ أَبُو دَاوُدَ : قَالَ أَحْمَدُ بْنُ صَالِحٍ : إِنَّ رَسُولُ اللهِ صلى اللهِ عليه وسلم يَوْمَ الْفَتْحِ صَلَّى سُبْحَةَ الضَّحَى فَذَكَرَ مِثْلَهُ . قَالَ ابْنُ السَّرْحِ اللهِ عليه وسلم وَلَمْ يَذْكُرْ سُبْحَةَ الضَّحَى فَذَكَرَ مِثْلَهُ . قَالَ ابْنُ السَّرْحِ : إِنَّ أُمَّ هَانِئٍ قَالَتْ : دَخَلَ عَلَىَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَلَمْ يَذْكُرْ سُبْحَةَ الضَّحَى بَمَعْنَاهُ .

_ ضعيف

বাংলা

১২৯০। আবৃ ত্বালিবের কন্যা উম্মু হানী (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কাহ বিজয়ের দিন আট রাক'আত চাশতের সালাত আদায় করেছেন। তিনি প্রতি দু' রাক'আতে সালাম ফিরিয়েছেন। ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, আহমাদ ইবনু সলিহ বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কাহ বিজয়ের দিন চাশতের সালাত আদায় করেছেন। অতঃপর পূর্ববর্তী হাদীসের অনুরূপ বর্ণিত হয়েছে। ইবনুস সারহ বলেন, উম্মু হানী বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট এলেন, কিন্তু এ হাদীসে চাশতের সালাতের উল্লেখ নেই। তবে তিনি পূর্বোক্ত হাদীসের ভাবার্থ বর্ণনা করেছেন।[1]

দুর্বল।

English



Narrated Umm Hani ibn AbuTalib:

The Messenger of Allah (ﷺ) prayed on the day of the Conquest (of Mecca) eight rak'ahs saluting after every two rak'ahs.

Abu Dawud said: Ahmad b. Salih said that the Messenger of Allah offered prayer in the forenoon on the day of the Conquest of Mecca, and he narrated something similar. Ibn al-Sarh reported that Umm Hani said: The Messenger of Allah (ﷺ) entered upon me. This version does not mention the prayer in the forenoon.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ দিনে রাতে দু' দু' রাক'আত করে সালাত আদায়, হাঃ ১৩২৩), ইবনু খুয়াইমাহ (হাঃ ১২৩৪) ইবনু ওয়াহাব হতে। এর সানাদ দুর্বল। সনদে 'আইয়্যায ইবনু 'আবদুল্লাহ রয়েছে। তার সম্পর্কে হাফিয 'আত-তাকরীব' গ্রন্থে বলেনঃ তার মধ্যে শিথিলতা আছে। আর 'আত-তাহযীব' গ্রন্থে বলেনঃ তাকে ইবনু মাঈদ যঈফ বলেছেন। ইমাম বুখারী বলেছেনঃ মুনকারুল হাদীস।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উম্মু হানী বিনতু আবৃ তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন